গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২. ৩২২

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০
০৭ মে ২০২৩

বিষয়: এপ্রিল, ২০২৩-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ অফিস স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের এপ্রিল, ২০২৩-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০৭/০৫/২০২৩

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: এপ্রিল ২০২৩ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০২-০৫-২০২৩ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১০,০৭১ | ২৯১৪ | |
| মোট | ১২,৯৮৫ | ১০,০৭১ | ২৯১৪ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১০৮ | ৩৪৬ | ১৮৪৩ | ৬১৭ | ২৯১৪ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি
সমাজসেবা অফিসার/সমমান -১০৭টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | -- | - | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৬৪৪.৪৪<br>(ছয়শত চুয়াল্লিশ কোটি চুয়াল্লিশ লক্ষ টাকা) | ৩০৪.৫১৫৫<br>(তিনশত চার কোটি একান্ন লক্ষ পঞ্চান্ন হাজার টাকা)<br>৪৭% | - | ০৮/০১/২০২৩ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | - | - | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২৮১টি<br>অগ্রিম- ১৯২টি<br>মোট- ৪৭৩টি | টাকার পরিমান<br>১১৮,৮৭,৬৪,৩৭৯/-<br>৬৮৯,১৫,০০,৯৮৭/-<br>৮০৮,০২,৬৫,৩৬৬/-<br>(আটশত আট কোটি দুই লক্ষ পঁয়ষট্টি হাজার তিনশত ছিষট্টি টাকা) | সাধারণ-১৩৮টি<br>অগ্রিম- ১৮৩টি<br>মোট- ৩২১টি | সাধারন-০৪টি<br>অগ্রীম-০১টি<br>মোট- ০৫টি<br><br>টাকার পরিমান<br>১৮,৫৮,১৯,১৬৭/-<br>২,২৫,০০,০০০/-<br>২০,৮৩,১৯,১৬৭/-<br><br>(বিশ কোটি তিরাশি লক্ষ উনিশ হাজার একশত সাতষট্টি টাকা) | সাধারণ- ২৭৭টি<br>অগ্রিম- ১৯১টি<br>মোট= ৪৬৮টি<br>টাকার পরিমান<br>১০০,২৯,৪৫,২১২/-<br>৬৮৬,৯০,০০,৯৮৭/-<br>৭৮৭,১৯,৪৬,১৯৯/-<br>(সাতশত সাতাশি কোটি উনিশ লক্ষ ছিচল্লিশ হাজার একশত নিরানব্বই টাকা) | ১। বরিশাল বিভাগে ১২টি সাধারণ আপত্তি নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয় সভা ২৩/০২/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ৯টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।<br>২। ১৩টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ১৩/০৩/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ১৩টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।<br>৩। ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য ২টি পত্রের মাধ্যমে ৩৩টি অডিট আপত্তির কার্যপত্র প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৪। দ্বি-পক্ষীয় সভা আহবানের জন্য ২১টি অডিট আপত্তির কার্যপত্র সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০৩ | ০৪ | ১০৭ | ০০ | ০০ | ০০ | ০০ | ৩৫ | ১০৭<br>১ম শ্রেণির ৩৫ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪৬ টি,<br>৪র্থ শ্রেণির ২১ টি<br>মোট = ১০৭ টি |

## (৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জুলাই-ডিসেম্বর ২০২২ সেশনে ১০৯৮৭ জন<br>নারী প্রশিক্ষণার্থী-৪৩৯৫ জন<br>পুরুষ প্রশিক্ষণার্থী-৬৫৯২ জন |
| ২ | ৫০ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ১৩ মার্চ হতে ১৮ মে, ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩৪ জন |
| ৩ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা | ০৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৩৫ জন |
| ৪ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ০৩ দিন | | ৩৯ জন |
| ৫ | হাসপাতাল সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ, উত্তরণের উপায় ও ভবিষ্যত কর্মপরিকল্পনা শীর্ষক কর্মশালা | ১৬ এপ্রিল ২০২৩ | সমাজসেবা অধিদপ্তর | ৫৩ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ০১ জন।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১০৮ জন, ২য় শ্রেণির ৩৪৬ জন, ৩য় শ্রেণির ১৮৪৩ জন এবং ৪র্থ শ্রেণির ৬১৭ জনসহ মোট ২ হাজার ৯১৪ জনের জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ এন্ট্রিকৃত মোট ১ কোটি ৬ লক্ষ ৪১ হাজার জন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের উপকারভোগীর মধ্যে প্রায় ১ কোটি ৫ লক্ষ ১৯ হাজার ৫০০ জন উপকারভোগীর মোবাইল/ব্যাংক হিসাবে ২০২২-২৩ অর্থবছরের ১ম, ২য় ও ৩য় কিস্তির ভাতার অর্থ প্রেরণ করা হয়েছে। বিতরণের হার ৯৮.৬৬%

(০২) ২০২২-২৩ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ ২১ কোটি ৯৭ লক্ষ ৫০ হাজার টাকা এবং অন্যান্য মনিহারি খাতে ১ম কিস্তি বাবদ ২ লক্ষ ৫০ হাজার টাকাসহ মোট ২২ কোটি টাকার উপজেলা/ইউনিটভিত্তিক বিভাজনকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে স্থানান্তর করা হয়েছে।

(০৩) ২০২২-২০২৩ অর্থবছরে অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বাজেটে ও সংশোধিত বাজেটে 'পল্লী সমাজসেবা কার্যক্রম: আবর্তক ক্ষুদ্রঋণ' খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ৪র্থ কিস্তি বাবদ ৭ কোটি ৪২ লক্ষ ৫০ হাজার টাকা ছাড়করণের মঞ্জুরি প্রস্তাব প্রদান করা হয়েছে।

(০৪) উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত প্রকল্প গ্রামের সাইনবোর্ড স্থাপন এবং ইউনিয়ন পরিষদ ভবনে কক্ষ বরাদ্দ সংক্রান্ত তথ্য জেলা সমাজসেবা কার্যালয় হতে সংগ্রহ করা হয়েছে।

(০৫) দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১ কোটি ৯৩ লক্ষ টাকার মধ্যে ১ম ও ২য় কিস্তির ৯৬ লক্ষ ৫০ হাজার টাকা উপজেলা পর্যায়ে বিতরণ করা হয়েছে।

(০৬) ২০২২-২৩ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ১৪.৩০ কোটি টাকার মধ্যে ২য় ও ৩য় কিস্তির ৭ কোটি ১৫ লক্ষ ৪৮ হাজার টাকা মাঠ পর্যায়ের ৪৮ টি কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত অর্থ মাঠ পর্যায়ে উপকারভোগীদের মধ্যে বিনিয়োগ অব্যাহত রয়েছে।

(০৭) শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের জুলাই-ডিসেম্বর ২০২২ সেশনে কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। উক্ত সেশনে রেজিস্ট্রেশনকৃত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১০ হাজার ৯৮৭ যার মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে ৯ হাজার ৮১৬ জন এবং কৃতকার্য হয়েছে ৯ হাজার ১৩৭ জন।

(০৮) ২০২২-২৩ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের সংশোধিত বাজেটে 'আবর্তক ক্ষুদ্রঋণ' ৫৮ লক্ষ ২৫ হাজার টাকার মঞ্জুরী পাওয়া গিয়েছে। উক্ত ছাড়কৃত অর্থ ব্যয়ের নিমিত্ত প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় এর কার্যালয়ে বিল দাখিল করা হয়েছে।

(০৯) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের ৫২৮টি হাসপাতালে এপ্রিল ২০২৩ মাসে মোট ৬২ হাজার ১৩৫ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্থিকভাবে উপকৃতের সংখ্যা ১৭ হাজার ৩০৬ জন, সামাজিকভাবে উপকৃতের সংখ্যা ৪৪ হাজার ৮২২ জন ও পুনর্বাসিতের সংখ্যা ৭ জন।

সরকারি অনুদান, ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান-অনুদান, যাকাত, ফিতরা, সমিতির সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে এপ্রিল ২০২৩ মাসে সংগৃহীত ৫২৮টি রোগীকল্যান সমিতির সর্বমোট আয় ৪৪ লক্ষ ০৮ হাজার ২১৬ টাকা এবং ঔষধ, বিভিন্ন চিকিৎসা সহায়ক সামগ্রী, যাতায়াত ভাড়া, পথ্য, সরাসরি দ্রব্যসামগ্রী দান ইত্যাদি বাবদ সর্বমোট ব্যয় ২ কোটি ০৫ লক্ষ ৫২ হাজার ২৮০ টাকা।

(১০) প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের আওতায় এপ্রিল ২০২৩ মাসে আদালত কর্তৃক মোট ৫০০ জন দোষী সাব্যস্ত ব্যক্তিকে প্রবেশনে দেওয়া হয়েছে। মনিটরিং, ফলোআপ ও সংশোধনের মাধ্যমে মোট ৩১৬ জন প্রবেশনারকে প্রবেশন মেয়াদ শেষে আদালতে অব্যাহতির জন্য চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। আদালত কর্তৃক বিকল্পপন্থা বা ডাইভারশন প্রদানকৃত ১৫৫ জন শিশুকে শিশু আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৭০ জন সুবিধাবঞ্চিত শিশুকে বিকল্প পরিচর্যায় প্রেরণ করা হয়েছে। অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে ১৪৭ জন প্রবেশনারকে পুনর্বাসন করা হয়েছে। কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত মোট ২৯৫ জন ব্যক্তিকে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে পুনর্বাসন করা হয়েছে। কারাগারের অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মোট ২ হাজার ৩৮১ জন কয়েদিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যাকাত, দান, সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে স্থানীয়ভাবে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির সংগ্রহ ৮ হাজার ২৬৮ টাকা এবং ব্যয়ের পরিমাণ ৪ লক্ষ ১৪ হাজার ৩৪০ টাকা।

(১১) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ৩০ এপ্রিল ২০২৩ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ৩০ লক্ষ ১০ হাজার ৩৮৩ জন।

(১২) খাদ্য ও খাদ্য আনুষঙ্গিক মালামালের মূল্য বৃদ্ধির কারণে সমাজসেবা অধিদপ্তরাধীন বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানে ২০২২-২০২৩ অর্থবছরে নিযুক্ত ঠিকাদারদের মাসিক বিলের উপর ভর্তুকির আবেদন পর্যালোচনা করে যৌক্তিকতাসহ অধিদপ্তরের মতামত সদয় বিবেচনার জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২০.২৬৩.৮৩.৪১৪ তারিখ ০৪ এপ্রিল ২০২৩ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(১৩) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক পুনঃনিরীক্ষিত 'পিতামাতার ভরন-পোষণ বিধিমালা, ২০২৩' এর উপর মতামত প্রদানের জন্য গঠিত নির্ধারিত কমিটির সভায় প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রণীত প্রতিবেদন অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০০৮.১৩.১৬৩ তারিখ ০৯ এপ্রিল ২০২৩ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(১৪) পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে উদযাপনসহ সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার (অভিন্ন মেন্যু অনুযায়ী) পরিবেশনের নিমিত্ত জেলাধীন আবাসিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নির্দেশ প্রদানের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০২.২০.৩০ তারিখ ১৫ এপ্রিল ২০২৩ যোগে জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে ঢাকা শহরে অবস্থিত প্রতিষ্ঠানসমূহের নিবাসিদের উন্নতমানের খাবার পরিবেশন তদারকির নিমিত্ত কর্মকর্তাগণকে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩. ০০২.২০.৩০ তারিখ ১৫ এপ্রিল ২০২৩ যোগে পরিদর্শনের দায়িত্ব প্রদান করা হয়েছে।

## (১০) গ. আগামী ২ মাসে (মে ২০২৩ ও জুন ২০২৩) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরের নিয়মিত ১ কোটি ৬ লক্ষ ৪১ হাজার জনকে ৪র্থ কিস্তির ভাতার অর্থ G2P পদ্ধতিতে প্রদান করা হবে।

(০২) ক্ষুদ্রঋণ কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে ৮০ জন উপজেলা সমাজসেবা অফিসারকে জাতীয় সমাজসেবা একাডেমির সহযোগিতায় প্রশিক্ষণের আয়োজন করা হবে।

(০৩) ২০২২-২৩ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৩য় কিস্তি বাবদ প্রাপ্ত ৫ কোটি ৯৮ লক্ষ ৫০ হাজার টাকা মাঠ পর্যায়ে বিতরণ করা হবে। ৪র্থ কিস্তি বাবদ ০৬ কোটি ১৮ লক্ষ ৫০ হাজার টাকা ছাড় ও ব্যয়ের মঞ্জুরী প্রদানের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।

(০৪) ২০২২-২৩ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের সংশোধিত বাজেটে 'আবর্তক ক্ষুদ্রঋণ' ৫৮ লক্ষ ২৫ হাজার টাকার চেক প্রাপ্তি সাপেক্ষে দ্রুত মাঠ পর্যায়ে বিতরণ করা হবে।

(০৫) দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১.৯৩ (এক কোটি তিরানব্বই লক্ষ) টাকার মধ্যে ৩য় কিস্তির ৪৮ লক্ষ ২৫ হাজার টাকা উপজেলা পর্যায়ে বিতরণ করা হবে।

(০৬) ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ৮০ টি শহর সমাজসেবা কার্যালয়ের মধ্যে ২১ টি কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হবে। পর্যায়ক্রমে অবশিষ্ট অন্যান্য কার্যালয়গুলোতে নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হবে।

(০৭) পবিত্র ঈদ-উল-আজহা ২০২৩ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে উদযাপনসহ সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার (অভিন্ন মেন্যু অনুযায়ী) পরিবেশনের নিমিত্ত জেলাধীন আবাসিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নির্দেশ প্রদানের জন্য সকল বিভাগীয় পরিচালক ও জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর অধিদপ্তর হতে পত্র প্রেরণ করা হবে।

(০৮) পবিত্র ঈদ-উল-আজহা ২০২৩ উপলক্ষে ঢাকা শহরে অবস্থিত প্রতিষ্ঠানসমূহের নিবাসিদের উন্নতমানের খাবার পরিবেশন তদারকির নিমিত্ত কর্মকর্তাগণকে পরিদর্শনের দায়িত্ব প্রদান করে অধিদপ্তর হতে পত্র প্রেরণ করা হবে।

(০৯) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এইচ এস সি/২০২৩ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুত করা হবে।

(১০) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহিত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

ঘ. আগামী দুই মাসে (মে ২০২৩ ও জুন ২০২৩) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

মোছাঃ [illegible] সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

তাসলিমা খাতুন
সহকারী পরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

আদিল মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।